বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।

অক্টোবর'২০২০ হতে ডিসেম্বর'২০২০ সময়কালের ২য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ দিদারুল ইসলাম মজুমদার, মহাব্যবস্থাপক (দায়িত্বে)<br>(সভাপতি, বিকেবি শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি) |
| তারিখ ও সময় | ঃ | ২৩.১২.২০২০ খ্রিঃ, সময় সকালঃ ১১.০০ ঘটিকা |
| স্থান | ঃ | মহাব্যবস্থাপক, মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-'ক' |

০১। সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তাঁর বক্তব্যে অত্র ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো সম্পর্কে আলোচনা করেন এবং সেঅনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্বারোপ করেন। তিনি আরো বলেন আর্থিক স্বচ্ছতা, সুশাসন প্রতিষ্ঠার একটি বড় মাধ্যম। সে কারণেই প্রতিষ্ঠানের সর্বক্ষেত্রে আর্থিক স্বচ্ছতা ও জবাবদিহিতার কোন বিকল্প নেই। সরকার সকল প্রতিষ্ঠানে শুদ্ধাচার প্রতিষ্ঠার উপর গুরুত্বারোপ করেছেন। তিনি ব্যাংকের অত্র বিভাগেও যেন শুদ্ধাচার চর্চা অব্যাহত থাকে সে বিষয়ের উপর গুরুত্বারোপপূর্বক বলেন, শুধুমাত্র পয়েন্ট অর্জনের জন্য দায়সারাভাবে কার্যক্রম গৃহীত না হয় তার জন্য উপস্থিত সকলকে পরামর্শ দেন।

০২। সভাপতি " জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১" এর বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে আলোকপাত করেন এবং চলমান প্রান্তিকে লক্ষ্যমাত্রাসমূহ পূরণের জন্য বিশেষ দিক নির্দেশনা প্রদান করেন। তিনি শাখা/কার্যালয়ের সুশাসন, নিয়মানুবর্তিতা,প্রতিষ্ঠানের বিধি বিধান পরিপালন, অফিস শৃঙ্খলা রক্ষা, নিষ্ঠা ও সততা এবং সময়ের প্রতি বিশেষ গুরুত্বারোপ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন।

০৩। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক) বিগত ১ম প্রান্তিকের সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে হবে।

খ) গ্রাহকগণের মধ্য হতে কোন অভিযোগ পাওয়া গেলে স্বল্প সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ) প্রণোদনা প্যাকেজের সুদের হারসহ সকল প্রাসঙ্গিক তথ্য, ঋণ সহজীকরণ সার্কুলারের তথ্য স্বপ্রণোদিতভাবে হালনাগাদ রাখতে হবে। যথাসময়ে সুদভর্তুকী ও পুনঃঅর্থায়ন প্রাপ্তির জন্য নির্ধারিত ছকে বিবরণীসমূহ যথাযথভাবে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

ঘ) কাগজপত্র সঠিক থাকলে দ্রুততম সময়ের মধ্যে ঋণ প্রদান/নবায়ন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ঙ) অঞ্চল ও শাখা পরিদর্শনের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে।

চ) ঋণ আদায়, ঋণ বিতরণ, আমানত সংগ্রহ ও ক্যাম্পের আয়োজন নিশ্চিত করতে হবে।

০৪। আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

29/12/2020

(মোঃ দিদারুল ইসলাম মজুমদার)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
আহবায়ক
শুদ্ধাচার নৈতিকতা কমিটি, বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া

বিকা/কুষ্টিয়া/প্রশা-০৭/২০২০-২০২১/ তারিখ ঃ ২৭/১২/২০২০ খ্রিঃ

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কুষ্টিয়া।
০৬. মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া বিভাগ।
০৭. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, কুষ্টিয়া বিভাগ। (সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
০৮. অফিস নথি।

29/12/2020

জনাব মোঃ মতিয়ার রহমান
সহকারী মহাব্যবস্থাপক
(উপ-মহাব্যবস্থাপকের দায়িত্বে)